অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভ (ROCKEFELLER STATE PARK PRESERVE) জন্য 346-একর ডোনেশনের ঘোষণা করলেন

স্টেটকে ডোনেশন প্রদান করেছে ডেভিড রকফেলারের এস্টেট (David Rockefeller's Estate)

ঐতিহাসিক ক্যারিজ রোডগুলিতে (Carriage Roads) জনগণের প্রবেশাধিকার রক্ষা করে এবং ল্যান্ডস্কেপ অটুট রাখে

প্রিজার্ভ স্থানীয় প্রজাতির স্বার্থে স্টোন বার্নস খাদ্য ও কৃষি কেন্দ্রের (Stone Barns Center for Food and Agriculture) সাথে সমন্বয়ে জমি ব্যবস্থাপনা করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে পোকান্টিকো হিলের (Pocantico Hills) রকফেলার স্টেট পার্ট প্রিজার্ভকে 346-একর ডোনেশন দেওয়া হবে যা ডেভিড রকফেলারের এস্টেট স্টেটকে উপহার দিয়েছে। এই অর্জনের ফলে প্রিজার্ভের মোট জমির পরিমাণ হবে 1,771 একর যা হাডসন নদী (Hudson River) থেকে শুরু করে টাকোনিক পার্কওয়ে (Taconic Parkway) পর্যন্ত বিস্তৃত, এবং এটি নিশ্চিত হবে যে ল্যান্ডস্কেপটি অটুট থাকবে এবং জনগণের জন্য খোলা থাকবে।

"নিউ ইয়র্কে দেশের সেরা কিছু পার্ক ও আউটডোর ফ্যাসিলিটি রয়েছে, এবং রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভের জন্য ডেভিড রকফেলারের এই ডোনেশন আমাদের স্টেটের জন্য আরো একটি দুর্দান্ত সম্পদ হয়ে উঠবে", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের মানুষের জন্য এই উপহার পেয়ে আমিই কৃতজ্ঞ এবং আমি আমাদের স্টেটের পার্কগুলিকে আমাদের অতিথি ও নিউ ইয়র্কবাসীর উপভোগের জন্য সুরক্ষিত রাখতে কাজ চালিয়ে যাবো।"

"ডেভিড রকফেলার এস্টেটের এই উদার ডোনেশন রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভকে বিস্তৃত করবে এবং ভবিষ্যতে জনগণের ব্যবহারের জন্য এর সংরক্ষণ নিশ্চিত করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "পুরো স্টেটের কমিউনিটিগুলিতে জীবনযাত্রার মাণ বৃদ্ধি করতে এবং ব্যক্তি ও পরিবারকে একত্রিত হওয়ার ও খেলাধুলা করার একটি জায়গা করে দিতে সবার জন্য উন্মুখ স্থান অত্যাবশ্যক।"

ডেভিড রকফেলার অতিথিদের অনুমতি দিয়েছেন যে তারা তার সংলগ্ন হাডসন পাইন ফার্মের (Hudson Pines Farm) মধ্যে দিয়ে বহু ঐতিহাসিক ক্যারিজ রোড উপভোগ করতে পারবে, এবং এই ডোনেশন এটি নিশ্চিত করবে যে বিনোদনমূলক এইসব রাস্তায় জনগণের প্রবেশাধিকার থাকবে। তাদের নামে করা এই পার্কটির প্রতি রকফেলার পরিবারের বহুদিনের সমর্থনের সংযোজন এই উপহার, যা 1983 সালে পার্কটি তৈরির পর থেকে রকফেলার পরিবার পার্কের জন্য যে 1,400 একর জমি দান করেছেন তা আরো বৃদ্ধি

করবে। পাশাপাশি, ডেভিড রকফেলার 2015 সালে প্রিজার্ভটির সমর্থনে একটি কার্যকর এনডোমেন্ট স্থাপন করার জন্য 4 মিলিয়ন মার্কিন ডলার দান করেন।

সংলগ্ন স্টোন বার্নস খাদ্য ও কৃষি কেন্দ্রও ডেভিড রকফেলার এস্টেট থেকে প্রায় 93 একর উপহার পায়। স্টোন বার্নস খাদ্য ও কৃষি কেন্দ্র স্টেট পার্কের সাথে একটি সংরক্ষণ পথাধিকার এ রাজি হয়েছে, যার ফলে এই 93 একর একটি সুরক্ষিত অবস্থায় থাকবে। প্রিজার্ভ এবং স্টোন বার্নস বোবোলিঙ্কস এর মতো স্থানীয় প্রজাতিগুলির স্বার্থে মাঠের নেটওয়ার্ককে একসাথে ব্যবস্থাপনা করতে চায়, এবং ঘাস ও মাটির স্বাস্থ্য বৃদ্ধি করতে, কার্বন স্বতন্ত্র রাখতে, এবং পানি ধারণ করে রাখতে পর্যাবৃত্তিমূলক গবাদি পশুচারণ করাতে চায়।

রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভ ৰেকফালৰ পরিবারের কথিত পোকান্টিকো হিল এস্টেটের একটি উল্লেখযোগ্য অংশ নিয়ে গঠিত। রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভ ও আশেপাশের কিছু এলাকা সম্প্রতি স্টেটের ঐতিহাসিক স্থান নিবন্ধনে (State Register of Historic Places) তালিকাবদ্ধ হয়েছি এবং একে জাতীয় নিবন্ধনে (National Register) পাঠানো হয়েছে, এর ফলে পূর্বে জন ডি. ও উইলিয়াম রকফেলারের এস্টেট থাকা এই প্রিজার্ভ ও আশেপাশের কিছু এলাকাকে “রকফেলার পোকান্টিকো হিল এস্টেট ঐতিহাসিক জেলা” ("Rockefeller Pocantico Hills Estate Historic District") হিসেবে নামকরণ করা হয়েছে।

প্রতি বছর রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভ প্রায় 300,000 লোক হাঁটতে, দৌড়াতে, ঘোড়ায় চড়তে এবং বন্যপ্রাণী দেখতে আসে। ন্যাশনাল অডুবন একে “গুরুত্বপূর্ণ পাখি এলাকা” ("Important Bird Area") হিসেবে ঘোষণা করেছে।

স্টেট পার্ক কমিশনার রোজ হার্ভে বলেছেন, "ডেভিড রকফেলারের হাডসন পাইন ফার্ম থেকে প্রিজার্ভের জন্য তার প্রদত্ত উদার এই ডোনেশন নিশ্চিত করবে যে এই সুন্দর দৃশ্যের ঐতিহাসিক ল্যান্ডস্কেপ নির্বিঘ্নে থাকবে এবং আগামী বহু প্রজন্মের মানুষের জন্য উন্মুক্ত থাকবে। আমাদের স্টেট পার্ক ব্যবস্থা আমাদের নাগরিকদের উদারতা ও নাগরিক মনোভাবের কাছে ঋণী - এবং রকফেলার পরিবার তাদের মধ্যে অন্যতম। এই উপহারের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক কাউন্সিলের সভাপতি লুসি রকফেলার ওয়ালেটজস্কি বলেন, "আমার চাচা ডেভিড রকফেলারের প্রদত্ত এই অসাধারণ উপহার এটি নিশ্চিত করবে যে এই সুন্দর ল্যান্ডস্কেপটি অটুট এবং জনগণের জন্য উন্মুক্ত থাকবে - ফলে আগামী অনেক প্রজন্মের অগণিত হাঁটতে, দৌড়াতে, ঘোড়ায় চড়তে আসা মানুষ ও প্রকৃতি প্রেমিকরা এটি উপভোগ করতে পারবে। এছাড়াও যেসব পাখি, মৌমাছি, প্রজাপতি এবং অন্যান্য বন্যপ্রাণী যারা এই উপহারের ফলে উপকৃত হবে তাদের কথা ভেবেও আমি আনন্দিত। বেসরকারি স্টুয়ার্ডশিপের এটি একটি দারুণ উদাহরণ, পার্ক এবং পরিবেশের প্রতি গভর্নর কুওমোর জোর অঙ্গীকারের সাথে জুটি বেঁধে নিউ ইয়র্কের অসাধারণ স্টেট পার্ক ব্যবস্থাকে এটি পুনরায় জীবন দান করবে।"

রকফেলার স্টেট পার্ক প্রিজার্ভের বন্ধু এর প্রেসিডেন্ট জর্জ গুমিনা বলেন, "এই জমিগুলি নিউ ইয়র্ক স্টেটকে দিয়ে দেওয়া হয়েছে এবং সবার জন্য উন্মুক্ত থাকবে বলে আমরা খুবই খুশি। পাশাপাশি, সাম্প্রতিক ঐতিহাসিক এই নামকরণ নিয়েও আমরা আনন্দিত এবং রকফেলার পরিবারের জন্য এইসব ক্যারিজ রোডের স্থায়ী লিগেসি হয়ে উঠা দেখতে উদগ্রীব।"

স্টোন বার্নস খাদ্য ও কৃষি কেন্দ্র এর সিইও জিল আইজেনবার্গ বলেন, "এই জমিতে পুনরুৎপাদনশীল কৃষি ও ফার্ম-পরিচালিত খাদ্যাভ্যাসের জন্য একটি কেন্দ্র তৈরির জন্য জনাব রকফেলারের সীমাহীন স্বপ্ন না থাকলে আজকে স্টোন বার্নস কেন্দ্রের কোনো অস্তিত্ব থাকতো না। এই স্বপ্নের প্রতি তার অসাধারণ নেতৃত্ব ও বদান্যতার কারণে স্টোন বার্নসের কাজ ও প্রভাব সম্ভব হয়েছে। আমরা তার প্রতি চিরকৃতজ্ঞ। এখন, জনাব রকফেলারের স্বপ্নের কল্যাণেই, পার্ক প্রিজার্ভ ও কেন্দ্রের সামনে একটি অভূতপূর্ব সুযোগ এসেছে এই জমিগুলির সমন্বিত ব্যবস্থাপনা দ্বারা ভবিষ্যৎ প্রজন্মের কল্যাণে সর্বোচ্চ ইকোলজিক্যাল ও কৃষি মাত্রা অর্জন করা। জনগণের দারুণ এই সংস্থানটিকে জনকল্যাণে ব্যবহার করতে এই সংরক্ষণ পরিকল্পনাটি তৈরি করতে নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করতে পেরে আমরা ধন্য।"

গভর্নর কুওমোর নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট এর আউটডোর বিনোদন বৃদ্ধি ও উন্নত করতে ঐতিহাসিক কাজ করছে। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 প্রোগ্রাম (NY Parks 2020 program) হল 2011 থেকে 2020 সাল পর্যন্ত স্টেটের পার্কগুলির জন্য 900 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সরকারি বেসরকারি তহবিল সংগ্রহের প্রতিশ্রুতি। প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে, স্টেট পার্ক 16,000 একরের বেশি ভূমি অর্জন করেছে, স্টেট পার্ক, ট্রেইল ও ঐতিহাসিক সাইটের প্রবেশাধিকার বৃদ্ধি করেছে ও বাফার প্রদান করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন